

২-২/১৪/২০০৩

তারিখ

পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ১৩ ...

ভোয়ের কাগজ

১০ মে থেকে সারাদেশে এইচএসসি পরীক্ষা শুরু।

সুষ্ঠু ও নকলমুক্ত পরিবেশে পরীক্ষানুষ্ঠানের প্রস্তুতি সম্পন্ন

নপদ ডেস্ক : আগামী ১০ মে থেকে সারাদেশে অনুষ্ঠিতব্য এইচএসসি পরীক্ষা হলের যাবতীয় প্রস্তুতি প্রায় সম্পন্ন হয়েছে। নকল রোধ ও সুষ্ঠু পরিবেশে পরীক্ষা গ্রহণে ইতিমধ্যেই বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

রাজশাহী প্রতিনিধি জানান, রাজশাহী বোর্ডের অধীনস্থ প্রতিটি জেলায় উত্তরপত্র প্রশ্নপত্র পাঠানো হয়েছে। ২ ও ৩ মে বৈশিষ্ট্য বিলি করা হবে। বোর্ডের ৬৫টি কলেজের ১ লাখ ৬৯ হাজার ৭৭ ন পরীক্ষার্থী ২৫৩টি কেন্দ্রে পরীক্ষায়ংশ নেবে।

রাজশাহী শিক্ষা বোর্ডের চেয়ারম্যান ফেসর মোঃ নূরুল আলম জানান, বোর্ডের ৩২টি কেন্দ্রে স্বীকৃতিপত্র। তিনি জানান, নকল প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হয়েছে। এ জন্য ৫৮টি রিজালেন্স টিম এবং ১০টি বিশেষ টিম ঠান করা হয়েছে।

ফরিদপুর প্রতিনিধি জানান, গত হস্পতিবার সকালে কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অনিল কুমার ভট্টাচার্য চাঁদপুরে সভা করেছেন। জেলা প্রশাসক আবু বাঃ মনিরুজ্জামানের সভাপতিত্বে তার মতামত কক্ষে অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন বিভিন্ন কলেজের অধ্যক্ষ, কেন্দ্র চিব ও উপজেলা নির্বাহী অফিসারগণ।

চাঁদপুর কলেজের চেয়ারম্যান শিক্ষা বিষয়ক কর্মকর্তা ম্যাডামস্ট্রেট আনোয়ার হোসেন সিদ্দিকী, ভোয়ের কাগজকে জানিয়েছেন, আসন্ন এইচএসসি পরীক্ষা সম্পন্ন করার ক্ষেত্রে জেলায় ১৫টি কেন্দ্র ও চারটি ভেনু নির্ধারণ করা হয়েছে। এ ছাড়া জেলা দরে একটি স্ট্যান্ড বাই কেন্দ্রও প্রস্তুতি পা হবে।

এদিকে নীলফামারী প্রতিনিধি জানান, কলমুক্ত পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানের

লক্ষ্যে গত বৃহস্পতিবার নীলফামারী প্রশাসনের সম্মেলন কক্ষে এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জেলা প্রশাসক আব্দুল বারী খানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান ও বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজশাহী বোর্ডের সচিব ও ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর মোঃ নজরুল ইসলাম, কলেজ পরিদর্শক ড. প্রফেসর সিরাজ উদ্দীন ও বোর্ডের ভারপ্রাপ্ত মূল্যায়ন কর্মকর্তা খন্দকার নূরুল ইসলাম। নওগাঁ জেলার কলেজসমূহের অধ্যক্ষ, থান নির্বাহী কর্মকর্তাগণ, পুলিশ কর্মকর্তা ও সাংবাদিকরা উপস্থিত ছিলেন। সভায় বোর্ডের কর্মকর্তাগণ আসন্ন মাধ্যমিক পরীক্ষা সুষ্ঠুভাবে নকলমুক্ত পরিবেশে যাতে অনুষ্ঠিত হয় তার জন্য সবার সহযোগিতা কামনা করেন।

বরিশাল প্রতিনিধি জানান, বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি (বাকশিস) বরিশাল আঞ্চলিক পরিষদের নেতৃবৃন্দ গত শুক্রবার নবগঠিত বরিশাল বোর্ডের কর্মকর্তাদের সঙ্গে মতবিনিময়ে মিলিত হন। জেল মুক্তিযোদ্ধা সংসদে বাকশিস আঞ্চলিক পরিষদ সভাপতি বেলায়েত হোসেনে সভাপতিত্বে অনুষ্ঠিত এ মতবিনিময় সভায় নকল ও দুর্নীতিমুক্ত পরীক্ষা গ্রহণ ও পরিচালনায় শিক্ষা বোর্ড এবং শিক্ষক সমিতির মধ্যে পারস্পরিক সহায়তা ও সমন্বয়ের ওপর গুরুত্বারোপ করা হয়।

বরিশাল বোর্ডের চেয়ারম্যান প্রফেসর আব্দুস সালাম, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর গোপাল সাহা, বাকশিস নেতা ও অধ্যাপক মহসিন উল ইসলাম হাবুল, শামসুজ্জামান আলীম, গৌরাদ কুসুম, শফিকুল ইসলাম শফিউল্লাহ, অধ্যক্ষ মিজানুর রহমান মোক্তার হোসেন, সিরাজুল ইসলাম ফারুকুর রহমান, আবদুস সাত্তার, হারুন রশীদ প্রমুখ সভায় বক্তব্য রাখেন।